# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 30 June, 2025

দেশ-বিদেশের তারকাদের নিয়ে মৃত্যুর গুজব নতুন নয়।বাংলাদেশের শোবিজ অঙ্গনেও এমন ঘটনা বারবার ঘটছে।কিছুদিন আগেই চিত্রনায়িকা পরীমণিকে নিয়ে ছড়ায় এমন ভুয়া খবর।এবার সেই গুজবের শিকার হলেন ঢাকাই সিনেমার আরেক জনপ্রিয় মুখ মাহিয়া মাহি।

সম্প্রতি কিছু ভুয়া ফেসবুক পেজ ও গ্রুপে ছড়ায় মাহিয়া মাহির মৃত্যুর খবর।সেখানে বলা হয়, অভিনেত্রী মাহি আত্মহত্যা করেছেন এবং তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।এমন খবর মুহূর্তেই ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে।

এই বিভ্রান্তিকর পোস্টগুলো দেখে বিস্মিত হন মাহি নিজেই।বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থান করা এই অভিনেত্রী সামাজিক মাধ্যমে এক পোস্টে জানান, তিনি ভালো আছেন।মৃত্যুর খবরটি সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন।

মাহির সেই পোস্টে অনেকেই মন্তব্য করে স্বস্তি প্রকাশ করেন।কেউ কেউ তার নিরাপত্তা নিশ্চিত করতে আইনগত ব্যবস্থা নেওয়ার পরামর্শও দিয়েছেন।দীর্ঘদিন ধরে নতুন কোনো সিনেমায় না থাকলেও মাহি নিয়মিত আলোচনায় ছিলেন ব্যক্তিগত জীবন ও রাজনৈতিক সম্পৃক্ততার কারণে।

প্রসঙ্গত, মাহি গাজীপুর-৫ আসনের সাবেক সংসদ সদস্য রাকিব সরকারের স্ত্রী।মা হওয়ার পর থেকে তিনি অভিনয় থেকে কিছুটা বিরতিতে আছেন।মাঝে মাঝে সামাজিক কর্মকাণ্ডে দেখা যায় তাকে।

শুধু মাহি নন, এর আগে পরীমণির মৃত্যুর গুজবও ছড়িয়েছিল।তিনি তখন লাইভে এসে ক্ষোভ প্রকাশ করেন।এই ধারাবাহিকতা থেকে বোঝা যায়, সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে।এ ধরনের গুজব তারকাদের মানসিকভাবে বিপর্যস্ত করে তোলে, বিভ্রান্ত করে তাদের পরিবার ও ভক্তদেরও।

এই ঘটনাগুলো নতুন করে ভাবতে বাধ্য করছে, কীভাবে সোশ্যাল মিডিয়ায় ভুয়া তথ্য রোধ করা যায় এবং কীভাবে আইনের মাধ্যমে গুজব ছড়ানো ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়।সামাজিক সচেতনতা যেমন জরুরি, তেমনি প্রযুক্তি ও নীতিমালার মাধ্যমে এসব অপরাধকে নিয়ন্ত্রণ করাও সময়ের দাবি।

চিত্রনায়িকা মাহি সংসদ সদস্য

© 2025 TimesToday. All Rights Reserved.